বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি
(বিএসসিপিএলসি)
(ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন একটি
পাবলিক লিমিটেড কোম্পানি)
www.bscplc.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩৪.০০০০.০০০.৫১০.০৪.০০০২.২৬.১০৩ তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

বিষয়: **বিএসসিপিএলসি-এর আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের তথ্য বাতায়নে প্রদর্শন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বহুল প্রচারের স্বার্থে বিএসসিপিএলসি-এর আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্তির বিজ্ঞপ্তিটি (কপি সংযুক্ত) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের তথ্য বাতায়নে প্রদর্শনের সদয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(১) আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি।

০১-১১-২০২৬
তারঘীবুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ফোন : +৮৮০২২২৬৬০৩৩০৬
ফ্যাক্স : +৮৮০২২২৬৬০৩৩২২
ইমেইল : md@bscplc.gov.bd

সচিব
সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
প্রোগ্রামার
আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

স্মারক নম্বর: ১৪.৩৪.০০০০.০০০.৫১০.০৪.০০০২.২৬.১০৩/১ (১) তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)।

০২-১১-২০২৬
মোঃ শাখাওয়াত হোসেন
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)
রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮
ফোন : ৮৮ ০২ ২২৬৬০৩৩১৫-১৬, ফ্যাক্স : ৮৮ ০২ ২২৬৬০৩৩২২
ওয়েব সাইট : www.bscplc.com.bd

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

আইনজীবী হিসেবে প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)-এর পক্ষে প্রযোজ্যতা মোতাবেক আইনগত মতামত/ পরামর্শ প্রদান, কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে এখতিয়ারভুক্ত আদালত/ ট্রাইব্যুনালে মামলা পরিচালনার জন্য আইনজীবী হিসেবে প্যানেলভুক্তির নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের ও ঢাকা আইনজীবী সমিতির তালিকাভুক্ত আগ্রহী প্রকৃত বাংলাদেশী আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শিক্ষাগত যোগ্যতা ও বয়স	পেশাগত ও অন্যান্য যোগ্যতা	অভিজ্ঞতা
(ক) প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম সম্মানসহ স্নাতক ও এলএলএম/ বার-এ্যাট-ল ডিগ্রিধারী হতে হবে। (খ) ৩১শে আগস্ট, ২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৪০ বছর ও সর্বোচ্চ ৬৫ বছরের মধ্যে হতে হবে।	(ক) প্রার্থীকে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী ও ঢাকা আইনজীবী সমিতির সদস্য হতে হবে। (খ) টেলিকম সেক্টরের মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকলে তা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।	(ক) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন আদালতে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির তারিখ হতে ন্যূনতম ১৫ (পনেরো) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ/ মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার বিষয়ে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) প্রার্থীর আইনজীবী অথবা আরবিট্রেটর হিসেবে আর্বিট্রেশন সংক্রান্ত অভিজ্ঞতা থাকলে তা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

আইনজীবী হিসেবে প্যানেলভুক্তির লক্ষ্যে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বরাবর চাহিত ফর্মে পূরণকৃত তথ্য প্রমাণক ও ফিরিস্তিসহ আবেদন আগামী ২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে রেজিস্টার্ড ডাকযোগে অথবা অফিস চলাকালীন প্রধান কার্যালয়ে **[রহমান'স রেগনাম সেন্টার (৮মতলা), ১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮]** সরাসরি উপস্থিত হয়ে দাখিল এবং ইউনিকোডে পূরণকৃত চাহিত তথ্য ফর্মের ওয়ার্ড ফাইল ও হার্ডকপিতে জমাকৃত সকল প্রমাণকসহ আবেদনের পিডিএফ কপি **manager.snl@bscplc.gov.bd** ঠিকানায় ই-মেইলে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের খামের উপর ও প্রেরিতব্য ই-মেইলের বিষয় হিসেবে **'বিএসসিপিএলসি'র আইনজীবী হিসেবে প্যানেলভুক্তির জন্য আবেদন'** বাক্যটি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রাপ্ত আবেদন যাচাই- বাছইয়ের পর কেবল মাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণ সাক্ষাৎকারের জন্য বিবেচিত হবেন। চূড়ান্ত মূল্যায়নে যোগ্য প্রার্থী প্রাপ্তিসাপেক্ষে অনধিক ০৩ জনকে প্রাথমিকভাবে ০২ (দুই) বছর মেয়াদে (পরবর্তীতে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য) বিএসসিপিএলসি'র আইনজীবী হিসেবে প্যানেলভুক্ত করা হবে।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন অথবা সকল আবেদন গ্রহণ/ বাতিল করার এবং প্যানেলে সর্বোচ্চ সংখ্যা পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ ত্রুটিযুক্ত আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিপিএলসি কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/ প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আইনজীবী প্যানেলভুক্তির বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে। প্যানেলভুক্ত আইনজীবীগণ বিভিন্ন আইন সেবা প্রদানের জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রাপ্ত হবেন।

[**বিঃ দ্রঃ** নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলিসহ বিস্তারিত বিজ্ঞপ্তি এবং চাহিত তথ্য ফর্ম বিএসসিপিএলসি'র ওয়েবসাইট https://bscplc.gov.bd/ এর নোটিশ বোর্ড-এ পাওয়া যাবে।]

৬ সেপ্টেম্বর ২০২৬খ্রি.

স্বাক্ষরিত
(মোহাম্মদ আনিসুল ইসলাম এফসিএস)
ব্যবস্থাপক (শেয়ার ও আইন), বিএসসিপিএলসি
ফোন-০২-২২৬৬০৩৩১৫, মোবাইল-০১৫৩৫৪৬৮৫৭৯
ই-মেইল- manager.snl@bscplc.gov.bd